

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date :10-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM Meeting :

রাজ্যের ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা জোরদার করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সকালে তাঁর সরকারি বাসভবনে নিরাপত্তা বাহিনীর উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে এক বৈঠক করেন। বৈঠকে রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের মহা নির্দেশক অনুরাগ সহ আসাম রাইফেলস, বিএসএফ, সিআরপিএফ এবং বিভিন্ন গোয়েন্দা বিভাগের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে দেশের বর্তমান উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে রাজ্যের সার্বিক নিরাপত্তার বিষয়ে আলোচনা হয়। রাজ্যের সমস্ত সীমান্তে কঠোর নজরদারি এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য মুখ্যমন্ত্রী আধিকারিকদের নির্দেশ দেন।

Airport Authority of India :

ভারত ও পাকিস্তানের মধ্যে আন্তর্জাতিক সীমান্তে উত্তেজনাকর পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আগরতলার এম বি বি বিমানবন্দরেও কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনা আকাশবাণীকে জানিয়েছেন, নিরাপত্তা জনীত কারণে বিমানযাত্রীদের বিমান ছাড়ার তিন ঘন্টা আগে বিমানবন্দরে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। তবে আগরতলা থেকে বিমানচলাচল স্বাভাবিক রয়েছে বলে তিনি জানিয়েছেন।

Gramin Bank Press meet :

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক গত অর্থ বছরে একশ কোটি টাকার উপর নিট মুনাফা অর্জন করেছে। গতকাল ব্যাংকের সদর দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং এই তথ্য জানান। তিনি আরো জানান ব্যবসার ক্ষেত্রে গ্রামীণ ব্যাংকের ২০২৩-২৪ অর্থ বছরের তুলনায় গত অর্থ বছরে ১৩ দশমিক ৬০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তিনি আরো বলেন রাজ্যের গ্রামীণ অর্থনৈতিক বিকাশে গ্রামীণ ব্যাংকের এক বিশেষ ভূমিকা রয়েছে। গ্রামীণ ব্যাংক বিশেষ করে কৃষি এবং স্বসহায়কদলগুলির জন্য বিশেষ ভাবে কাজ করেছে। বর্তমানে গ্রাহকদের সুবিধার্থে গ্রামীণ ব্যাংকের ৩৯টি এটিএম রয়েছে। রাজ্যে গ্রামীণ ব্যাংকের মোট ১৫০টি শাখা রয়েছে।

Amusement Park :

কৈলাশহরের ছনতৈল এলাকায় গতকাল এক অনুষ্ঠানের মধ্য দিয়ে লায়ন্স বিনোদন পার্ক এর উদ্বোধন করেন শ্রমমন্ত্রী টিংকু রায়। পরে তিনি বলেন, বিনোদন পার্ক শুধু নয়, এটি দ্রষ্টব্য তথা দর্শনীয় স্থান ও বটো। বক্তব্য রাখেন, বিধায়ক বীরজিৎ সিংহ, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে বিশ্বকবি রবীন্দ্রনাথের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। তাছাড়া কাশ্মীরের অনন্তনাগ জেলার পেহেলগাঁও'তে সন্ত্রাসবাদীদের দ্বারা নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

Rabindra Jayanti :

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে গতকাল রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানে কবিগুরুর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন কমিটির সভাপতি ব্রজহরী দেবনাথ। উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক সহদেব সাহা, সমাজসেবী হীরালাল সাহা প্রমুখ। অনুষ্ঠানে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন আলোচনা করা ও সঙ্গীত পরিবেশন করা হয়।

Baishaki Mela :

বিলোনিয়ার ওরিয়েন্টাল ক্লাবের উদ্যোগে পাঁচ দিনব্যাপী বৈশাখী মেলা গতকাল থেকে শুরু হয়েছে বনকরে। গতকাল সন্ধ্যায় ওরিয়েন্টাল ক্লাবের মুক্তমঞ্চে প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত। দক্ষিণ জেলার পুলিশ সুপার মোর্ঘ কৃষ্ণ চন্দ্রশেখর, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে। মেলাকে কেন্দ্র করে বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তর প্রদর্শনী মন্ডপ খুলেছে।

Mangal Chandi Mela-Amarpur :

অমরপুর চন্ডিবাড়ি মাঠে গতকাল থেকে শুরু হয়েছে সাত দিন ব্যাপি ঐতিহ্যবাহী শ্রী শ্রী মাতা মঙ্গলচন্ডি মেলা। তথ্য ও সংস্কৃতি দপ্তর ও অমরপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে আয়োজিত এই মেলার উদ্বোধন করে সাংসদ রাজীব ভট্টাচার্য। তিনি বলেন, অমরপুরের ঐতিহ্যবাহী জাতি ও উপজাতির মহা মিলন ক্ষেত্র শ্রী শ্রী মাতা মঙ্গলচন্ডি মেলা। এটি রাজ্যের বহু পুরাতন মেলা। এর আগে এই মেলা বৈশাখী মেলা হিসেবে পরিচিত ছিল। মেলার সাত দিন রাজ্যের বিভিন্ন সাংস্কৃতিক দল তাদের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, জীতেন্দ্র মজুমদার, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ার পার্সন সুচিত্রা দাস প্রমুখ।

Football :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকালের খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় স্বামী

বিবেকানন্দ ক্লাব ৪-১ গোলে জম্পুইজলা প্লে সেন্টারকে পরাজিত করে। বিজয়ী স্বামী বিবেকানন্দ ক্লাবের পক্ষে কুমার দেববর্মা হ্যাটট্রিক করে। পরে একইমাঠে নৈশলোকে অনুষ্ঠিত খেলায় ইয়ুথ ক্লাব ৩-০ গোলে কদমতলা যুব সংস্থাকে হারিয়ে দেয়।

Fisheries :

কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় মনিপুর আয়োজিত পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানের অঙ্গ হিসেবে গতকাল প্রদর্শনী ও বিজনেস মিট হয়। আগরতলার লেশুছড়া ফিশারি কলেজে আয়োজিত এই অনুষ্ঠানে কৃষি সংশ্লিষ্ট বিষয়ে আধুনিক প্রযুক্তি ব্যবহার ও তার প্রদর্শনী হয়। এছাড়া ছিল বিজনেস মিট। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাবার্ডের জেনারেল মেনেজার অনিল কুটমায়ার। প্রদর্শনীতে সাতটি রাজ্যের ১৩টি কৃষি ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় অংশ নেয়। আগামী ১১ই মে মূল অনুষ্ঠান হবে।

Weather :

আজ আকাশ অংশত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৮ ডিগ্রির কাছাকাছি। উত্তর জেলায় বজ্র বিদ্যুৎ সহ দু একটি জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া রাজ্যের বাকি অংশ বাতাসে আদ্রতার পরিমাণ বেশি থাকবে।
